Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

সান্তাড় সাঁওতারে “মাঘ সিম জম” আর “বাহা বঙ্গাঁ
(সান্তাল সমাজে “মাঘ সিম জম” আর “বাহা বঙ্গাঁ”)

সুমন্ত বাস্কে
সহাকারী অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ,
চুনারাম গোবিন্দ মেমোরিয়াল গভর্নমেন্ট কলেজ, মানবাজার, পুরুলিয়া।

সারসংক্ষেপ: সাঁওতাল সমাজের জীবনধারার ক্ষুদ্র চিত্র উপলক্ষিত হয়েছে। তাদের ধর্ম ও উপাশনার চিত্র, মন্ত্র এবং বিভিন্ন লোকগীতির মাধ্যমে প্রকাশ পেয়েছে। মারাং-বুরু (প্রধান উপাস্য দেবতা), জাহের-আয়ো (প্রধান উপাস্য দেবী) ব্যাতিত অন্যান্য দেব দেবীর উল্লেখ পাওয়া যায়। সমাজ ব্যবস্থায় পূজা-অর্চনা, আচার-বিচারে জাহের-থান (ধর্মীয় পূজা স্থল), মাঁজহি-থান, মাঁজহি(গ্রাম মুখিয়া) গডেৎ(ডাক্‌য়দার),নায়্‌কেদের(পুরোহিত) গুরুত্ব আলোচিত হয়েছে। “মাঘ সিম জম” এর মধ্য দিয়ে তাদের নববর্ষের আগমনে দেব-দেবীর কাছে প্রার্থনা, উৎসর্গ এবং সমাজের মঙ্গল কামনা প্রকাশ পেয়েছে। “বাহা-বঁঙ্গা” এর মধ্য দিয়ে নূতন বসন্তের আগমণকে স্বাগত জানানো ও পবিত্র শাল গাছ, মহুয়া গাছ, ফল, ফুল এর গুরুত্বের বহিঃপ্রকাশ ঘটেছে।

সূচক শব্দ : মারাং-বুরু, জাহের-আয়ো, জাহের-থান, মাঁজহি-থান, মাঁজহি, গডেৎ, নায়্‌কে, মাঘ সিম জম, বাহা-বঁঙ্গা, জাহের-সড়ে, সারি-সারজম, আরিচালি, জঁহার।

ভূমিকা : অন্যান্য জাতি ও সম্প্রদায়-এর মতো সাঁওতাল সমাজও তার সংস্কৃতির নিজস্ব রীতির নানা বৈচিত্র্য দেখা যায়। বনবাসী-গ্রাম্য জীবনের একাত্মতা তাদের সমাজ ও সংস্কৃতির মধ্যে ছড়িয়ে আছে। গার্হস্থ্য জীবনের সুখ, দুখ, আনন্দ, বেদনা নানাভাবে প্রকাশ পেয়েছে।সমাজের বন্ধনকে এখনও ধরে রেখেছেন মাঁজহি, পারাগানা, মহলদাররা। গ্রামের মাঁজহি, গদেৎ, জগমাঁজহি, নায়্‌কে, কুডৌম-নায়কেদের নেতৃত্ব বিনাবিচার-আচার, পূজাপার্বণ, বিবাহ ইতাদি নানা অনুষ্ঠান করা যায় না। কোন সিদ্ধান্ত নিতে গেলে গদেৎ এর ডাকে “মাঁজহি-থানে” সকলে সমবেত হয়। আলাপ-আলোচনার মাধ্যমে যে কোন অনুষ্ঠানের দিনক্ষণ নির্ধারিত হয়-তা সে ধর্মীয় অনুষ্ঠান হোক বা সামাজিক।

Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

এই আলোচনার নিরিখে সামাজিক সংস্কৃতির ছোট্ট একটা রূপরেখা টানা হয়েছে। প্রথমেই বর্ষবরণের অনুষ্ঠান যার মধ্য দিয়ে সমাজের মঙ্গল কামনা করা হয়-

"মাঘ সিম জম" : মাঘ মাসকে নববর্ষ হিসেবে মান্য করা হয়। তাই মাসের প্রথম দিকেই "মাঘ সিম জম" উৎসব পালিত হয়। গ্রামের একমাত্র ধর্মীয় অনুষ্ঠান স্থল "জাহের থান"।এখানে নানা উপাচারে পূজা-অর্চনা করা হয় ও বলিচড়ানো হয়।মারাং-বুরু,জাহের-আয়ো,মঁড়েক-তুরুইক,গ্রামিনি,সন্ন্যাসী, ধনঘেরা, পারাগানা এবং চতুঃসীমা হলেন প্রধান দেবতা।'নায়কে গঁসাই' নববর্ষকে স্বাগত জানিয়ে দেব-দেবীরউদ্দেশ্যে মন্ত্র উচ্চারণ করেন-

জঁহার গঁসাই মারাং বুরু
জঁহার গঁসাই জাহের-আয়ো
জঁহার গঁসাই মঁড়েক্ –তুরুইক্
জঁহার জঁহার।

মা এনদ্-নাওয়া সেরমা
বলন কান যহন কানদ্
জঁহার জঁহার।

মা এনদ্ নাওয়া সেরমা ঞুতুমতে
বালে খদে বালে সিমলে
আড়তি আপে কানদ্
জঁহার জঁহার।

মা এনদ্ কড়াক্সেঁদ্রায়াক্ ,কারকায়াক্
বিররে-বুরুরে কুল আর তারুপ আল
আলক্ হাড়ুপ হচঃ পাটুপ হচঃ মা
জঁহার জঁহার।

মা এনদ্কুড়িক্ সাহানাক্, সাকামাক্
জ, বিলি, আড়াঃ সাকাম তুমাল আক
হররে বিররে তহদ্ হাড়াঃ আলক ঞাম-মা

জঁহার জঁহার।

আতুরে মাড়হারে-
রোগ আর বিঘিন কঃ
বাড়িচ হয় ভাঙো'ক
আলবন সড় কঃ মা
হড়মরে, সাঁওয়ার রে
নায় বাড়ে নাপায় বাড়েলে তাঁহে কঃ মা
জঁহার জঁহার।

এরপর আরও অন্যন্য মন্ত্র উচ্চারনের মাধ্যমে পূজা সমাপ্ত করা হয় এবং পূজা সমাপনান্তে "জাঁহের-সড়ে" প্রসাদ খাওয়ানো হয়।

বঙ্গানুবাদ (কাব্যিক):

প্রণাম (নমঃ নমঃ)মারাং বুরু
প্রণাম জাঁহের আয়ো
প্রণাম মড়েক তুরুইক
প্রণাম প্রণাম।

তোমার থান এ
তেল ও সিন্দুর দিয়ে
নুতন বছরের
আগমনকে স্বাগত জানাই
প্রণাম প্রনাম।

নুতন বছরের নামে
নূতন খুদ ও কচি মুরগি
অর্পণ করছি
প্রণাম প্রণাম।

Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

নব নব উদ্যমে শিকারীরাশিকার করতে যায়
জঙ্গলে, পাহাড়ে, সিংহ, বাঘ যাতে
তাদেরকাবু করতে না পারে
প্রণাম প্রনাম।

মেয়েরা বনে কাঠ সংগ্রহ করবে, পাতা তুলবে
ফুল ফল শাক সংগ্রহ করবে
রাস্তা-ঘাটে, জঙ্গলে ওদের যেন কোনোরূপ ক্ষতি না হয়
প্রনাম প্রনাম।

গ্রাম, গ্রামের চৌহদ্দিতে
রোগজ্বালার প্রকোপ
খারাপ বায়ু যাতে প্রবেশ করতে না পারে
শরীর ও স্বাস্থে যেন চিরসুখ বিরাজ করে
প্রণাম প্রনাম(নমঃ নমঃ)

বাহা বঁঙ্গা: মাঘ মাসের পরেই ফাল্গুনে বনে বনে শাল-মহুল সঞ্চারিত হয়, গাছে গাছে নুতন পাতা গজিয়ে ওঠে। পলাশ-শিমূল আগুনরঙা ফুলে ভরে যায়। বনচারী মানুষের হৃদয়ে আনন্দের হিল্লোল বয়ে যায়। ঠিক তখনই বাহা-বঁঙ্গা উৎসব প্রকৃতির এই নুতন সাজে সেজে ওঠাকে যেন স্বাগত জানায়।বাহা-বঁঙ্গা উৎসব পার না হলে নুতন ফল-ফুল ব্যবহার করা যায় না। মহিলারা বনফুলের মালা পরে না, বনফুলের কবরী সাজায় না। জাহের থানে দেব-দেবীকে ফুল-ফল অর্পণ করে প্রকৃতির বন্দনায় মেতে ওঠে এই মানুষজন।বাহা বঙ্গাঁ বাৎসরিক অনুস্থান। তিন দিন ব্যাপী এটি চলে। প্রথম দিন কে "উম মাহা" দ্বিতীয় দিন কে "সারদি মাহা" এবং শেষ দিন কে "জালে মাহা" বলা হয়।

উম মাহাঃ প্রধান উদ্দেশ্য বাহা বঙ্গা প্রস্তুতি এবং দেব দেবী দের জাগ্রত করা।
নায়কে আর অবিবাহিত ছেলে মেয়েরা প্রতিষ্ঠিত পুকুরে স্নান করে এসে মাঝি থান ও জাহের থান পরিস্কার করে জাহের থান এ জাহের সাড়িম বানায় ।সন্ধ্যাকালে মাঝি থান এ সকলে সমবেত হয়। নায়কে বাবা মাঝি থান এ এক ঘটি জল রাখেন সাথে তির, ধুনক, তাঙ্গি, সাঁকয়া, তরবারি । ধুপ- ধুনো মন্ত্র সহযোগে দেব দেবী

Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

দের "বঙ্গাঁ জাগাও" জাগ্রত করা হয় । কয়েক জনের উপর দেব দেবী রা ভর করেন। তারা গ্রামের চারিদিকে তীর ধনুক নিয়ে বেড় কাটেন যাতে অশুভ শক্তি প্রবেশ করতে না পারে ও জাহের থান এর উপর কোন অশুভ প্রভাব পড়েছে কিনা সেটাও বলেন ।নায়কে গোঁসাই দেব শক্তি সঞ্চারিত মন্ত্রপূত জল তাদের ছিটিয়ে দিলে তাদের ভর চলে যায় ।

সারদি মাহাঃ মূলত এটাই পূজোর প্রধান দিন । প্রতিষ্ঠিত পুকুরে নায়কে বাবা এবং উপোস কারীরা স্নান করে এসে মাঝি থান এ সমবেত হয় । নায়কে বাবা কুলোর মধ্যে তেল, সিন্দুর, তাঙ্গি, তরবারি, সাঁকোয়া, সাল, মহুল এর ফুল নিয়ে জাহের থান এ পূজার উদ্দেশে প্রস্তুত হন । ধামসা-মাদল এর তালে বাহা গান এর মধ্য দিয়ে মাঁঝি থান তিন বার পরিক্রমা করে জাহের পৌঁছে জাহের থান তিন বার পরিক্রমা করতে হয়। নায়কে বাবা নুতন চালের গুড়ি দিয়ে প্রত্যেক দেব- দেবী স্থান এ খনড বানান যার মধ্যে পূজা সামগ্রী দেয়া হয়। জাহের আয়োর প্রথম পূজা হয় তারপর পর্যায়ক্রমে মারাং বুরু ও অন্যান্য দেব দেবীর পূজা হয়। পূজা সমাপ্তিতে জাহের সড়ে খাওয়ানো হয়।

জাহের এ পূজা সমাপ্তি হলে নায়কে দারাম/ নায়কে কে গ্রামে নিয়ে আসার জন্য বিভিন্ন বাহা গীতি গাওয়া হয়, নায়কের সাথে ঠিলি গগ কড়া / মাটির কলসিতে কাঁধে করে জল নিয়ে যায় । নায়কের সাথে কুলোর মধ্যে মন্ত্রপূত ফুল, তেল, সিন্দুর, টাঙ্গি ইত্যাদি থাকে। গ্রামের মাঝির উঠান এ প্রথম প্রবেশ করেন, বাড়ির মহিলারা নায়কে ও ঠিলি দিপিল কড়ার পা জল দিয়ে ধুয়ে দেন। নায়কে আশীর্বাদ স্বরূপ শাল মহুয়া ফুল তাদের আচলে দেন ও মন্ত্রপূত জল বাড়ির সাডিম/ চাল এ ঢেলে দেন। প্রত্যেক বাড়িতে এই বরণ ও আশীর্বাদ এর পালা চলে এবং শেষে নায়কের নিজের বাড়িতে এই পর্বের সমাপ্তি হয়।সন্ধ্যাকালে সকলে বাহা নাচ গান এ মেতে ওঠে এবং ধর্ম কথা নিয়ে আলোচনা সভা বসে।

জালে মাহা/ বাস্কে মাহাঃ এটি সমাপ্তি দিন। পূজা অর্চনা করে দেব দেবী দের সন্তুষ্টি স্বরূপ সেই বছর শাক সবজি, পাতা, ফুল ফল এ চারিদিক ভরে উঠবে, বর্ষার আগমন ঠিক সময়ে হবে, চাষাবাদ ভাল হবে। দা; সারেচ স্বরূপ জল ঢালা উৎসব শুরু হয় সম্পর্কিত মানুষজন দের মধ্যে এতে ছোট বড়ো সকলে অংশ নেয়। বাহা গান নাচ সারাদিন ব্যাপী চলে।

সন্ধ্যের দিকে মাঁঝি, গদেৎ'", নায়কেদের সহয়োগে সেই বছরের অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

বিভিন্ন লোকগীতির মাধ্যমে এই বাহা-বঁঙ্গা উৎসবের তাৎপর্য পাওয়া যায়-

যা গঁসাই অকারেদ জানাম লেনা
যা গঁসাই সারি সারি সারজম বাহা দ

Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

যা গঁসাই অকারেদ জানাম লেনা
যা গঁসাই সারি মাতকম বাহা দ
সারিলো রিলো-
সারিলো রিলো রিলো।
যা গঁসাই পৃথথিমীরে জানাম লেনা
যা গঁসাই সারি সারি সারজম বাহা দ
যা গঁসাই পৃথথিমীরে জানাম লেনা
যা গঁসাই সারি মাতকম বাহা দ
সারিলো রিলো-
সারিলো রিলো রিলো।

মাঘ বঙ্গা পারম এনা ফাগুন সেটের এন
বির বুরু দারে নাড়ী সাকাম সাগেন এন
সারজম বাহা এনা পুরুয় পুরুয়-
মাতকম বাহা এনা থপা থপা।
অকয় মে দয় আগুলেদা সারজম বাহা-
অকয় মে দয় চিয়ালেদা মাতকম বাহা-
মড়ে ক-ক আগুলেদা সারজম বাহা
তরুই ক-ক আগুলেদা মাতকম বাহা
জাহের আয়োয় বাহালেদা দালায় দালায়,
মারাং বুরু'য় চেপেজ লেদা মাতকম বাহা।।

ঃবঙ্গানুবাদ (কাব্যিক)ঃ ও গঁসাই কোথায় জন্মেছিল/উৎপত্তি হয়েছিল
পবিত্র সত্য শাল ফুল/শাল গাছের
কোথায় জন্মেছিল/ উৎপত্তি হয়েছিল
পবিত্র সত্য মহুয়া ফুল/মহুয়া গাছের
সারিলো রিলো-
সারিলো রিলো রিলো।
এই ধরিত্রীতেই জন্মেছিল

Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

পবিত্র সত্য শাল ফুল/শাল গাছ
এই ধরিত্রীতেই জন্মেছিল
পবিত্র সত্য মহুয়া ফুল/ মহুয়া গাছ
সারিলো রিলো-
সারিলো রি্লো রিলো।

মাঘ মাস পেরিয়ে ফাল্গুন এসে পড়লো
বনে পাহাড়ে গাছে লতাপাতাই সবুজের সমারোহ
সাদা সাদা ফুলে শাল গাছ ভরেউঠল হাওয়ার তালে তালে আন্দোলিত হতে থাকল
থোকা থোকা ফুল এল মহুয়ার ডালে ডালে।
কে অঞ্জলি ভরে নিয়ে এল শাল ফুল গো
কে অঞ্জলি ভরে উৎসর্গ করল মহুয়া ফুল গো
পঞ্চ জনে নিয়ে এসেছিল শাল ফুল গো
ষড় জনে এনেছিল মহুয়া ফুল গো।
জাহের আয়ো সেই ফুল খোঁপায় বেঁধেছিল।
মারাং বুরু মহুয়া ফুলের রস সেবন করেছিল।।

-মাঘ মাস থেকে শুরু করে সারা বছর ধরেই চলতে থাকে দং, লাগড়ে, পাতা, দিশম-সেঁন্দ্রা,দাশাই, সহরায়, বাঁন্দনাইত্যাদি।

উপসংহারঃ আদিবাসী সাঁওতাল সমাজ আদিম রূপে পরিচিতি লাভ পেলেও আর্য, খৃষ্টীয় বা অন্যান্য ঔপ্যনিবেশিকশক্তির সাথে বুদ্ধি, বিদ্যা,কৌশলগত ভাবে পিছিয়ে পড়লে সমাজেরমূলস্রোতথেকে বিচ্ছিন্নহয়ে পড়ে।বিচ্ছিন্ন হয়ে পড়লেও গোষ্ঠী,সম্প্রদায়,জাতিগত ভাবে তারা তাদের ধর্ম, ভাষা, সংস্কৃতি, কৃষ্টিকে লালিত করেছে বংশপরম্পরায়।একটি জাতি যদি তার সমাজের সংস্কৃতি, কৃষ্টি সবার সামনে তুলে না ধরতে পারে তাহলে অন্যান্য সম্প্রাদায় বা জাতির সাথে বিচ্ছিন্নই থেকে যাবে। বৃহত্তর সমাজের অন্যান্য মানুষজনদের সাথে পারস্পারিক শ্রদ্ধা,ভালোবাসা, সহমর্মিতা, সহযোগিতার মধ্য দিয়ে সংস্কৃতির আদান-প্রদান ঘটাতে হবে। অন্যান্য ভাষার সাহিত্যের সাথে অনুবাদ সাহিত্যের মেলবন্ধন ঘটিয়ে নিজেদের মেলে ধরতে হবে।সাঁওতালদের্ ধর্মগ্রন্থ, ভাষা, পরিধান, কৃষ্টি, সাহিত্য অন্যান্য জাতির তুলানায় স্বতন্ত্র। এইরূপ বহুস্বতন্ত্রতারমধ্য দিয়েই আমাদের বৈচিত্র্যময় ভারতবর্ষ। সমাজের সকলকে এবং সরকারবাহাদূরকেও এই স্বতন্ত্রতা রক্ষার্থে এগিয়ে আসতে হবে।

Kupuli: A Multilingual and Multidisciplinary Journal
Published by Chunaram Gobinda Memorial Government College, Purulia

ISSN: Nil Volume – 1 Issue- January- June 2023

উৎসসূত্র:-

১। সাধু রামচাঁদ মুর্ম্মুঃ "সারি ধরম সেরেং পুথি"

২। পণ্ডিত রঘু মুর্ম্মুঃ "বাঁখেড়"

৩। নায়কে মঙ্গল চন্দ্র সরেনঃ "জম সিম বিন্‌তি"

৪। রামেশ্বর মুরমুঃ "বঁগা বাখেড়"

৫। বিরাম মুর্ম্মুঃ "ধারতি সিরজনরে বঁগা ও ফেল"

৬। শ্রীগোরাচাঁদ মুরমুঃ "পণ্ডিত রাঘুনাথ মুরমু ও অলচিকি"

৭। ধীরেন্দ্রনাথ বাস্কেঃ " পশ্চিম বঙ্গের আদিবাসী সমাজ"

৮। Hembrom, Timotheas (1996). The Santals : anthropological-theological reflections on Santali & biblical creation traditions (1 ed.). Calcutta: Punthi Pustak. ISBN 81-86791-00-0. OCLC 35742627

a Tribe in Search of a Great Tradition."Based on thesis, University of Chicago., Wayne State University Press, 1965.

১৪।Bodding, P. O. A Santal Dictionary (5 volumes), 1933–36 Oslo: J. Dybwad, 1929.